গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল
ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।
Email: sfmehti@hospi.dghs.gov.bd

স্মারক নং-এসএফএমইএইচটিআই/গোপালঃ/প্রশাঃ/২০২৩/২০০৫ তারিখ-২১/০৬/২০২৩ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৮.২২.১৭৬৬, তারিখঃ ১৮/১০/২০২২ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ এর অধীনে গ্রেড-১১ হতে গ্রেড-১৭ পর্যন্ত বিভিন্ন শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে **http://sfmehti.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দা আবেদন করতে পারবেন না ( তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | হেলথ এডুকেটর | ০১ (এক) | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০) | ক) কোন স্বীকৃত বিশ্ব বিদ্যালয় হইতে বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভূক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা স্বীকৃত ইনস্টিটিউট হইতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রী। | - |
| ২ | ফার্মাসিস্ট | ০৩ (তিন) | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০) | ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রী এবং<br>খ) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলিং হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত। | মানিকগঞ্জ ও কুমিল্লা |
| ৩ | কম্পিউটার অপারেটর | ০৪ (চার) | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | গোপালগঞ্জ |
| ৪ | গাড়ী চালক | ০৫ (পাঁচ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) অষ্টম শ্রেণী পাশ এবং<br>খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ গাড়ী চালনায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | গোপালগঞ্জ ও টাঙ্গাইল |
| ৫ | হাউস কিপার | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিটার চালনায় দক্ষতা থাকতে হবে। | - |
| ৬ | অফিস সহকারী কাম -কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪ (চার) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | - |
| ৭ | লিনেন কিপার | ০১ (এক) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিটার চালনায় দক্ষতা থাকতে হবে। | টাঙ্গাইল |
| ৮ | ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল গ্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | - |
| ৯ | টেলিফোন অপারেটর | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | গোপালগঞ্জ ও মাদারীপুর |
| ১০ | ডাটা এন্ট্রি অপারেটর | ০৩ (তিন) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | যশোর |
| ১১ | রিসিপশনিষ্ট | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | নড়াইল ও মাদারীপুর |
| ১২ | ডায়েট ক্লার্ক | ০২ (দুই) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | - |
| ১৩ | ওয়ার্ড মাস্টার | ০১ (এক) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | ঢাকা |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরন করতে হবে।

১। প্রার্থীর বয়স:
ক) ২৪/০৭/২০২৩ ইং তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগনের পুত্র/কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর।
খ) জনপ্রশাসন মন্ত্রানালয়, বিধি-১ শাখা এর ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের নথি নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগন আবেদন করা সুযোগ পাবেন।
২। সরকারী/আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিরপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো এফিডেভিউ গ্রহনযোগ্য হবে না।
৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৪। সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষন করা হবে।
৫। প্রার্থীর যোগ্যতাযাচাই; প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্ন বর্ণিত ( ক্রমিক 'ক ' হতে 'ঝ' পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।
ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)
খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।
গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানক।
ঘ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ।
ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
চ. গাড়ী চালক পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
ছ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র - কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক

সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

জ. শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানক।

ঝ. Online-এ পূরনকৃত আবেদনপত্রের কপি (Applicant's Coppy) ও প্রবেশপত্র (Admit Card)

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ-এ নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে **http://sfmehti.teletalk.com.bd** ওয়েবসাইটে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, মিথ্যা তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সার্টিফিকেট, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র, জন্ম স্থানসহ প্রদত্ত তথ্যাবলী অসত্য বা মিথ্যা প্রমানিত হলে প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থ্যা গ্রহন করা হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।

১১। অনলাইনে আবেদনপত্র পুরন সংক্রান্ত নিয়মাবলি/শর্তবলি ও আবেদনের সময়সীমা নিম্নরূপ:

ক. পরীক্ষায় অংশ গ্রহনে আগ্রহী প্রার্থীগন **http://sfmehti.teletalk.com.bd** ওয়েবসাইটে ওয়েবসাইটে আবেদনপত্র পূরন করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online – এ আবেদনপত্র পূরন ও পরীক্ষায় ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫/০৬/২০২৩ ইং সকাল ১০.০০ ঘটিকা।

II. Online – এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৭/২০২৩ ইং বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগন Online এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online – এ আবেদনত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online – এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online – এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষন করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় সময় এক কপি জমা দেবেন। আবেদনপত্র

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Coppy পাবেন। যদি Applicant's Coppy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ন কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদনপত্র ফি জমা না দিয়ে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহনযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Coppy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন প্রিন্ট সংরক্ষন করবেন। Applicant's Coppy তে User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং-১ থেকে ২ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) ও Teletalk এর SMS সার্ভিস চার্জ বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ টাকা) এবং ক্রমিক নং ৩ থেকে ১৩ এর জন্য ২০০/- (দুইশত টাকা) ও Teletalk এর SMS সার্ভিস বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ, Online আবেদনপত্রের সকল অংশ পূরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS **SFMEHTI**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **SFMEHTI ABCDEF** & send to 16222
Reply: Applicant`s Name, **334/223** will be charged as Application fee. Your PIN is 12345678. To pay Fee Type sfmehti <space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS **SFMEHTI**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **SFMEHTI Yes 12345678** & send to 16222
Reply: Congratulations! Applicant`s Name, payment completed successfully for sfmehti Application for (post name) User ID is (ABCDEF) password (xxxxxxxx)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://sfmehti.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রাপ্ত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগন নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে: **SFMEHTI**<space>**Help**<space>**User**<space>**UserID** & send to 16222.
Example: **SFMEHTI Help User ABCDEF** & send to 16222.

II. PIN Number জানা থাকলে: **SFMEHTI**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
Example: SFMEHTI Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও sfmehti@hospi.dghs.gov.bd ওয়েবসাইটে http://sfmehti@hospi.dghs.gov.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/sfmehti ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে ও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা sfmehti@hospi.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject Organization Name: SFMEHTI, Gopalganj, Post Name***********, Applicant`s User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

* ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষায় পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

১২। শুধুমাত্র লিখিত এবং ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৩। Online – এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৪। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরন ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

Nahid 23/06/23

(অধ্যাপক ডাঃ নাহিদ ফেরদৌসী)
পরিচালক
শেখ ফজিলাতুন্নেছা মুজিব চক্ষু হাসপাতাল
ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।